নারীদের গোপন ভিডিও ধারণ, স্বেচ্ছাসেবক দল নেতাকে পুলিশে দিল জনতা



ছবি: সংগৃহীত

বরিশালের উজিরপুরে গোপনে নারীদের আপত্তিকর ভিডিও ধারণের অভিযোগে বায়জিদ হোসেন ওরফে মিঠু নামে এক স্বেচ্ছাসেবক দল নেতাকে মারধরের পর পুলিশের হাতে তুলে দিয়েছেন স্থানীয়রা। পরে পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে মামলা করে পুলিশ। রোববার (৯ নভেম্বর) আদালতের মাধ্যমে তাকে কারাগারে পাঠানো হয়েছে।

বায়জিদ উজিরপুর পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ছিলেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে সংগঠনের প্রাথমিক সদস্যপদসহ সব পদ থেকে বহিষ্কার করা হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, শনিবার রাত ১০টার দিকে পৌর এলাকার একটি বাসার বাথরুমের ভেন্টিলেটর দিয়ে এক নারীর ভিডিও ধারণের চেষ্টা করেন বায়জিদ। ওই নারী বিষয়টি বুঝতে পেরে চিৎকার করলে স্থানীয়রা তাঁকে আটক করেন। এ সময় তাঁর মোবাইল ফোনে একাধিক নারীর গোপন ভিডিও পাওয়া গেছে বলে দাবি করেন স্থানীয়রা।

স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে বিভিন্ন বাসাবাড়ির জানালা ও বাথরুমের ভেন্টিলেটর দিয়ে নারীদের ভিডিও ধারণ করতেন বায়জিদ। এসব ভিডিও ব্যবহার করে ব্ল্যাকমেইলের চেষ্টার অভিযোগও রয়েছে।

উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রকিবুল ইসলাম বলেন, এ ঘটনায় পুলিশ বাদী হয়ে পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে মামলা করেছে। রোববার দুপুরে তাঁকে আদালতে পাঠানো হলে কারাগারে পাঠানোর নির্দেশ দেন বিচারক।